

নম্বর 202.17

নির্বাহী আদেশ

**দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত
আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন**

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, তাই, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুল্লেখ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 15 মে 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- নো-অ্যাক্সন বা নো-ফাইলিং জারি করা সম্পর্কিত নির্বাহী আদেশ 202.16 এ থাকা নির্দেশিকা অ্যাটর্নি জেনারেলের জারি করা সেই ধরনের চিঠির আবশ্যিকতা অনুযায়ী পরিমার্জিত করা হয়েছে।
- শুক্রবার 17ই এপ্রিল, 2020 তারিখ, রাত 8টা থেকে দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখ-ঢাকতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দূরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক দিয়ে ঢাকতে হবে বা মুখ-ঢাকা পোশাক পরিধান করতে হবে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সীল সহ

দুই হাজার বিশ সালের এপ্রিল মাসের

পনের তারিখে এটি প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব